# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 30 April, 2025

ভোলা জেলা কারাগারে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে সফিউল আলম সফি (৪৯) নামের এক মাদক মামলার আসামির মৃত্যু হয়েছে।বুধবার (৩০ এপ্রিল) সকাল ১০টা ২০ মিনিটে ভোলা ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয় বলে নিশ্চিত করেছেন জেলার জেল সুপার শওকত হোসেন মিয়া।মৃত সফিউল আলম কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার লক্ষ্মীপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ও মৃত আব্দুল আজিজের পুত্র।

ভোলা ডিবি পুলিশের ওসি ইকবাল হোসেন জানান, সোমবার রাতে ভোলা সদর উপজেলার বাপ্তা ইউনিয়নের ভোলা-ইলিশা সড়কের বাপ্তা এলাকা থেকে সফিউল আলম ও তার ভায়রা বদিউল আলম বাদশাকে ৩ কেজি গাঁজাসহ আটক করা হয়।তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে মঙ্গলবার আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

জেল সুপার শওকত হোসেন মিয়া আরও জানান, বুধবার সকাল ৯টা ৩০ মিনিটে কারাগারে সফিউলের বুকে ব্যথা শুরু হলে তাকে প্রথমে কারাগারের ২০ শয্যাবিশিষ্ট হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়।পরে অবস্থার অবনতি হলে ভোলা সদর হাসপাতালের হৃদরোগ বিভাগে ভর্তি করা হয়।সেখানে এক ঘণ্টা চিকিৎসাধীন থাকার পর সকাল ১০টা ২০ মিনিটে তার মৃত্যু হয়।মরদেহের সুরতহাল ও ময়নাতদন্ত শেষে সফিউল আলম সফির মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

কারাগার মৃত্যু আসামি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:24

URL: https://www.timestodaybd.com/public/barishal/1667775807